

১. ABCD আয়তক্ষেত্রের দৈর্ঘ্য a একক এবং প্রস্থ b একক হলে, ক্ষেত্রফল কত?

ক ab বর্গ একক খ $\frac{1}{2}ab$ বর্গ একক

গ 2ab বর্গ একক ঘ 2(a+b) বর্গ একক

২. ABCD বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য a মিটার হলে, ক্ষেত্রফল কত?

ক a বর্গমিটার খ a² বর্গমিটার

গ a³ বর্গমিটার ঘ $\frac{1}{2}a^2$ বর্গমিটার

৩. দুইটি ক্ষেত্রের ক্ষেত্রফল সমান হলে তাদের মধ্যে নিচের কোন চিহ্নটি ব্যবহৃত হয়?

ক \cong খ \geq

গ \leq ঘ $=$

৪. দুটি ত্রিভুজ সর্বসম হলে তাদের মাঝে কোন চিহ্নটি ব্যবহৃত হয়?

ক = খ \cong

গ \sim ঘ ||

৫. একটি ত্রিভুজক্ষেত্র ও একটি সামান্তরিক ক্ষেত্র একই ভূমির উপর এবং একই সমান্তরাল যুগলের মধ্যে অবস্থিত হলে, ত্রিভুজক্ষেত্রটির ক্ষেত্রফল সামান্তরিক ক্ষেত্রটির ক্ষেত্রফলের-।

ক সমান খ দ্বিগুণ

গ তিনগুণ ঘ অর্ধেক

৬. একই ভূমির উপর এবং একই সমান্তরাল রেখাযুগলের মধ্যে অবস্থিত সকল ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফল-।

ক সমানুপাতিক খ সমান

গ অর্ধেক ঘ দ্বিগুণ

৭. একই ভূমির উপর এবং একই পাশে অবস্থিত সমান ক্ষেত্রফল বিশিষ্ট ত্রিভুজক্ষেত্র-।

ক একই তলের উপর অবস্থিত

খ একই সমান্তরাল যুগলের মধ্যে অবস্থিত

গ একই সরলরেখার উপর অবস্থিত

ঘ একই প্রসঙ্গ কাঠামোর উপর অবস্থিত

৮. একই ভূমির উপর এবং একই সমান্তরাল যুগলের মধ্যে অবস্থিত সামান্তরিকক্ষেত্রসমূহের-।

ক ক্ষেত্রফল সমান খ আয়তন সমান

গ ক্ষেত্রফল পরস্পরের সমানুপাতিক

ঘ ক্ষেত্রফল পরস্পরের ব্যস্তানুপাতিক

৯. এবং একই সমান্তরাল রেখা যুগলের মধ্যে অবস্থিত সামান্তরিকক্ষেত্রসমূহের ক্ষেত্রফল সমান।

ক সমান সমান ভূমির উপর

খ সমান সমান ক্ষেত্রের উপর

গ সমান সমান প্রসঙ্গ কাঠামোর উপর

ঘ সমান সমান আয়তনের উপর

১০. দুইটি রেখা সমান্তরাল হলে তাদের যে কোন একটি রেখার কোন বিন্দু থেকে অপর রেখা পর্যন্ত রেখাংশের দৈর্ঘ্য-।

ক চলক খ স্বাধীন চলক

গ সর্বদা পরিবর্তনশীল ঘ ধ্রুবক

১১. ত্রিভুজের যে কোন মধ্যমা ত্রিভুজ ক্ষেত্রটিকে কয়টি ত্রিভুজ ক্ষেত্রে বিভক্ত করে?

ক একটি খ দুইটি

গ তিনটি ঘ চারটি

১২. কোনটি ত্রিভুজক্ষেত্রটিকে সমান ক্ষেত্রফল বিশিষ্ট দুইটি ত্রিভুজের বিভক্ত করে?

ক শীর্ষবিন্দু থেকে অঙ্কিত লম্ব খ যে কোন মধ্যমা

গ উচ্চতা ঘ হেলানো উন্নতি

১৩. সামান্তরিকের কর্ণদ্বয় সামান্তরিকটিকে কয়টি সমান ত্রিভুজক্ষেত্রে বিভক্ত করে?

ক ২টি খ ৩টি

গ ৪টি ঘ ৫টি

১৪. পিথাগোরাস কোন দেশের অধিবাসী?

ক গ্রিক খ জার্মান

গ মিশর ঘ ব্রিটেন

১৫. খ্রিস্টের জন্মের কত বছর আগে পিথাগোরাস তার উপপাদ্য বর্ণনা করেন?

ক ৫০০ বছর খ ৬০০ বছর

গ ৬৫০ বছর ঘ ৭৫০ বছর

১৬. সমকোণী ত্রিভুজের অতিভুজের উপর অঙ্কিত বর্গক্ষেত্র তার অপর দুই বাহুর উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের সমান। এটি কার উপপাদ্য?

ক টলেমি খ অ্যাপোলেনিয়াস

গ পিথাগোরাস ঘ ল্যাপলাস

১৭. সমকোণী ত্রিভুজের অতিভুজের উপর অঙ্কিত বর্গক্ষেত্র, অপর দুই বাহুর উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের-।

ক সমানুপাতিক খ সমান

গ ক্ষুদ্রতর ঘ বৃহত্তর

১৮. যদি কোন ত্রিভুজের এক বাহুর উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল, অপর দুই বাহুর উপর অঙ্কিত বর্গক্ষেত্রের

ক্ষেত্রফলের সমষ্টির সমান হয়, তবে শেষোক্ত বাহুদ্বয়ের
অন্তর্ভুক্ত কোণ হবে-- ।

ক সরলকোণ সমকোণ
গ সূক্ষ্মকোণ ঘ স্থূলকোণ

১৯. ABC সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজে BC অতিভুজ হলে,
কোনটি সত্য?

AB = AC AB = BC
গ AB > BC BC = AC

২০. কোনটির কর্ণদ্বয় চতুর্ভুজক্ষেত্রটিকে ৪টি সমান ত্রিভুজে বিভক্ত করে?

ক রম্বসের খ ট্রাপিজিয়ামের
গ সমান্তরিকের ঘ ত্রিভুজের

২১. নিচের কোনটির কর্ণদ্বয় ক্ষেত্রটিকে সমান চারটি ত্রিভুজে বিভক্ত
করে?

ক রম্বস খ বর্গক্ষেত্র
গ ট্রাপিজিয়াম ঘ ত্রিভুজ